৪৬

দৈনিক
ইনকিলাব

তারিখ JUL 11 2006
পৃষ্ঠা ১২ কলাম ৪

# মাদ্রাসা শিক্ষক পরিষদ নির্লজ্জ দালালী করতে মাঠে নেমেছে

## —বিশিষ্ট ৫০ আলেম

স্টাফ রিপোর্টার

সারাদেশে শিক্ষক কর্মচারীদের ন্যায়সঙ্গত অব্যাহত আন্দোলনের সময় মাদ্রাসা শিক্ষক পরিষদের ভূমিকাকে নির্লজ্জ দালালী হিসেবে উল্লেখ করে দেশের বিশিষ্ট ৫০ আলেম গতকাল এক বিবৃতি দিয়েছেন। বিবৃতিতে তারা বলেন, ২০০১ সালে ক্ষমতায় আসা চারদলীয় জোট সরকারের ৮-এর পৃঃ ১-এর কঃ দেখুন

## মাদ্রাসা শিক্ষক পরিষদ নির্লজ্জ

১২-এর পৃষ্ঠার পর

অঙ্গীকার ছিল বেসরকারী শিক্ষক কর্মচারীদে ১০% বেতন ভাতা বৃদ্ধিসহ বাড়ীভাড়া, চিকিৎ ভাতা ইত্যাদি ন্যায্য দাবী পূরণ করা হবে। কি আমরা লক্ষ্য করলাম সরকার ৫ বছরে ক্ষমতার শেষপ্রান্তে এসেও সে ওয়াদা পূরণ করে শিক্ষক জাতির সাথে প্রতারণা করে ফলে সারাদেশে সকল শিক্ষক সংগঠন তাদে দাবী আদায়ের লক্ষ্যে গত এক সপ্তাহ যা বিভিন্ন কর্মসূচীর মাধ্যমে কঠিনতর কর্মসূ দিকে এগিয়ে যাচ্ছে। কিন্তু আমরা বিস্ম সাথে লক্ষ্য করছি দেশব্যাপী যখন শি কর্মচারীর ডাকে ধর্মঘট চলছে ঠিক সে মুহূ মাদ্রাসা শিক্ষক পরিষদ নামক সদ্য প্রসূত এক শিক্ষক সংগঠন দেশের লাখ লাখ শি কর্মচারীর ন্যায্য দাবীকে উপেক্ষা ক সরকারের নির্লজ্জ দালালী করতে ম নেমেছে। তাদের এ নির্লজ্জ দালালীর আ তীব্র নিন্দা জানাই। বিবৃতিতে স্বাক্ষর ক মাওলানা আরিফ বিল্লাহ, মাওলানা আ রহীম, মাওলানা ইরফান উদ্দিন, মাওল আবদুল ওয়াহাব, মাও. ওমর ফারুক, ম নূরুল হক, মাও. আবুল কালাম নাইম, ম জামাল উদ্দিন, মাওঃ. আনোয়ার উল্লাহ, ম ছালাহ উদ্দিন, মাও. হাফসা বেগম প্রমুখ।